

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.১৩.০২৩.০৯(অংশ-১).৮০৯

তারিখ : ১৪ কার্তিক ১৪৩০
৩০ অক্টোবর ২০২৩

বিষয় : আইন ও বিচার বিভাগের সাবেক সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা ও দায়রা জজ) জনাব মোঃ আতিকুর রহমান এর অবসর উত্তর ছুটি (PRL) এবং অবসরজনিত পেনশন ও আর্থিক সুবিধাদি প্রদানের প্রশাসনিক অনুমোদন।

সূত্র : আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৩ এর গত ০৯.০৭.২০২৩ তারিখের বিচার-৩/১ডি-০৬/২০০৪.৪৬৫ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সাবেক সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা জজ) জনাব মোঃ আতিকুর রহমান-কে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এ.টি মামলা নম্বর-২৪১/২০২১ ও প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের এ.এটি আপীল নম্বর-২৪১/২০২১ এর গত ০৮.০২.২০২৩ তারিখের রায়ের আলোকে তাঁর বয়স ৫৯ বছর পূর্তিতে The Public Servants (Retirement) Act, 1974 (Act No.XII of 1974) এর ৪ ধারার বিধান অনুযায়ী এ বিভাগের বিচার শাখা-৩ এর গত ০৯.০৭.২০২৩ তারিখের বিচার-৩/১ডি-০৬/২০০৪.৪৬৫ নম্বর স্মারকমূলে ৩১.০১.২০১৫ তারিখে সরকারি চাকরি হতে ভূতাপেক্ষভাবে অবসর প্রদান করা হয়।

০২। এমতাবস্থায়, জনাব মোঃ আতিকুর রহমান এর আবেদনের প্রেক্ষিতে অবসর উত্তর ছুটি (PRL) এবং অবসরজনিত পেনশন ও আর্থিক সুবিধাদি প্রদানের প্রশাসনিক ব্যয় মঞ্জুরি প্রদান করা হলো।

০৩। এই ব্যয় ২০২৩-২০২৪ অর্থ বছরে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে বিকল্পনীয়।


(মোঃ আব্দুল্লাহ-আল-মাসুম)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
Email : section5@lawjusticediv.gov.bd
ফোন: ২২৩৩৫৭৪২০

চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৫ম তলা, কক্ষ নং-৫০৩, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২. সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-১/৩/৪), আইন ও বিচার বিভাগ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. জনাব মোঃ আতিকুর রহমান, সাবেক সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা ও দায়রা জজ), আইন ও বিচার বিভাগ।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. ব্যক্তিগত কর্মকর্তা [যুগ্মসচিব (প্রশাসন-২)/উপসচিব (প্রশাসন-২)], আইন ও বিচার বিভাগ।
৮. অফিস কপি।